দর্শনায় গুণগতমান সম্পন্ন বীজআখের ব্যবহার শীর্ষক মাঠ দিবস অনুষ্ঠিত

গুণগতমান সম্পন্ন বীজআখের ব্যবহার শীর্ষক মাঠ দিবস দর্শনা আকন্দবাড়িয়া বাংলাদেশ সুগারক্রপ গবেষণা কেন্দ্র অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ৯ টার দিকে চুয়াডাঙ্গা উপকেন্দ্রের দর্শনা আকন্দবাড়ীয়া বাংলাদেশ সুগারক্রপ গবেষণা কেন্দ্রর মাঠে এ মাঠ দিবস ২০২৩ অনুষ্ঠিত হয়।

পাবনা ঈশ্বরদীর বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের বাস্তবায়নে এবং কৃষক পর্যায়ে আখের রোগমুক্ত পরিচ্ছন্ন বীজ উৎপাদন ও বিস্তার প্রকল্পের অর্থায়নে অনুষ্ঠিত এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড.মো.ওমর আলীর সভাপতিত্বে ও পাবনা ঈশ্বরদীর বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের বৈজ্ঞানিক কর্মকর্তা আলী নেওয়াজের সঞ্চালনায় এ মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন, বাংলাদেশের চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের (ইক্ষু উন্নয়ন ও গবেষণা) যুগ্ন সচিব ও পরিচালক পুলক কান্তি বড়ুয়া।

বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশের সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রকল্প পরিচালক ড. মো. শামসুর রহমান, চুয়াডাঙ্গার দর্শনা কেরু এ্যান্ড কোম্পানী বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশাররফ হোসেন ও বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের (সিপিই) গিয়াস উদ্দিন।

এ মাঠ দিবস অনুষ্ঠানে আখচাষীদের মধ্যে বক্তব্য রাখেন, আখচাষী শামিম হোসেন, মিজানুর রহমান ও মোমিনুল ইসলাম।

মাঠ দিবস অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর মহাব্যবস্থাপক (কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভুঁইয়া, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো.ইমাম হোসেন ও বাংলাদেশ সুগারক্রপ

গবেষণা ইনস্টিটিউটের ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং চুয়াডাঙ্গার আকন্দবাড়িয়া উপকেন্দ্রের ইনচার্জ ওমর খৈয়ম। অনুষ্ঠিত এ মাঠ দিবসে শতাধিক আখচাষী উপস্থিত ছিলেন।

দর্শনা ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার ১

দর্শনায় পুলিশের অভিযানে ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ সোহাগ ঘটু
(৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

মঙ্গলবার দুপুর ১ টার দিকে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার একটি চৌকস পুলিশ দল মাদক বিরোধী বিশেষ অভিযান চলায় দর্শনা পৌর এলাকার মোবারক পাড়ায়।

এসময় মোবারকপাড়ার জৈনক নজরুল ইসলাম মাষ্টারের বসত বাড়ির সামনে পাকা রাস্তার উপর থেকে ১শ পিস মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ হাতে,নাতে গ্রেফতার করা হয় সোহাগ ঘটু (৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী সোহাগ ঘটু দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার শান্তিপাড়ার আবুল খালেকের ছেলে। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে, চোরাচালান, চুরি, চোরাই মাল হেফাজতে রাখা ও মারামারি ৭ টি মামলা ইতিপূর্বে রয়েছে এ মর্মে রেকর্ডে আছে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের পূর্বক আসামীদেরকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনার বাড়াদী সীমান্তে ২০ কেজি দানাদার রুপা জব্দ

চুয়াডাঙ্গা-৬ বিজিবি দর্শনা সীমান্তে চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ৩৪ লাখ ৫০ হাজার টাকা মৃল্যের দানাদার রুপা আটক করেছে।

চুয়াডাঙ্গা ৬ বিজিবির পরিচালক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসির নেতৃত্বে,অভিযান চালায় বাড়াদী সীমান্তে। এ অভিযানে বিজিবি ২০ কেজি ওজনের পলিথিন পিপি প্যাকেটে মোড়ানো ১৭১৪.৬৭ ভরি ভারতীয় দানাদার রুপা আটক করেছে।

বিজিবি জানায়, গতকাল শনিবার চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত বারাদী সীমান্তে বারাদী বিওপি হতে নিয়মিত টহল পরিচালনাকালে বারাদী বিওপির টহল কমান্ডার হাবিলদার সোহরাওয়াদী হোসেন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে বাড়াদী সীমান্তের মেইন পিলার ৮০/৬-আর হতে আনুমানিক ২শ গজ বাংলাদেশের অভ্যন্তরে মাথাভাঙ্গা নদীর পাড়ে এ্যাম্বুশ করে।

এসময় বিকাল ৫ টার দিকে অজ্ঞাত কিছু ব্যক্তিকে শুন্য লাইন অতিক্রম করে মাথাভাঙ্গা নদীর পাড়ের দিকে আসতে দেখে।বাড়াদী বিজিবি সশস্ত্র টহল দুই ভাগে বিভক্ত হয়ে চোরাচালানীদেরকে ধাওয়া করে। ফলে বিজিবির ধাওয়া খেয়ে চোরাচালানীরা তাদের মাথায় থাকা বস্তাটি ফেলে দৌড়ে ভারতের অভ্যন্তরে পালিয়ে যায়। পরবর্তীতে বিজিবি টহল দল চোরাকারবারীদের ফেলে যাওয়া বস্তাটি জব্দ করে। জব্দকৃত বস্তার ভিতর ১৬টি পলিথিনের প্যাকেট হতে ২০ কেজি (১৭১৪.৬৭ ভরি) ভারতীয় দানাদার রুপা আটক কর।।

এ ব্যাপারে হাবিলদার সোহরাওয়াদী হোসেন বাদী হয়ে দর্শনা থানায় মামলা করে। আটককৃত ভারতীয় দানাদার রুপাগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনা ঈশ্বরচন্দ্রপুরে ইয়াবাসহ আটক ১

দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে খাইরুল ইসলাম (২৮) নামের এক মাদক ব্যবাসায়ীকে আটক করেছে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সহকারী পরিচালক শরিয়তউল্লাহ, পরিদর্শক নাজমুল হোসেন খান, উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেনের নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে।

এ অভিযানে গ্রামের স্কুলপাড়ার আবুল হাসেমের ছেলে খাইরুল ইসলাম
(২৮) কে নিজ বসতঘরের ভিতর থেকে আসামির দেহ তল্লাশি করে ২৩৫ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা সহ খাইরুল ইসলামকে আটক করে।চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রনের মাদক বিরোধী অভিযানিক দল।

উক্ত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন বাদী হয়ে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা রুজু করেন।

ঐতিহ্যবাহি লাঠি খেলার আনন্দে মাতোয়ারা পল্লি জনপদের মানুষ

ঢাক ঢোল -খোল ঝুমুর কাশি-লাঠিখেলা ভালবাসি দর্শনায় গ্রাম বাংলার ঐতিহ্যবাহি লাঠি খেলার আনন্দে পল্লি জনপদের মানুষ।

গতকাল বুধবার ২ আগষ্ট দিন ব্যাপি হয়ে গেল গ্রাম বাংলার প্রায় হারিয়ে যাওয়া ঐতিহ্যবাহি লাঠি খেলা।

চুয়াডাঙ্গা জেলার এক মাত্র লোকজ সাংস্কৃতিক সংগঠন দর্শনা বাউল

দর্শনায় ৪ হাজার পিছ ভারতীয় ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধেী অভিযান চালিয়ে মোটরসাইকেলের নীচ থেকে ভারতীয় ৪ হাজার পিছ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ মোটরসাইকেল আটক করেছে।তবে আটক করতে পারেনী দর্শনা মোহাম্মদপুরের মাদক ব্যাবসায়ী মিলন হোসেনকে।

জানাযায় সোমবার দুপুর আড়াইটারদিকে দর্শনা থানার নবাগত অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা মোহাম্মদপুর মিন্টু মিয়ার বাড়ির সামনে।

এ সময় দর্শনা থানার এসআই খান আঃ রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে দর্শনা মোহাম্মদপুরের আব্দুর সালামের ছেলে মিলন হোসেনকে ধাওয়া করে। পরে মিলন হোসেন এ্যাপাছি আর টি আর মোটরসাইকেল ফেলে দৌড়ে পালিয়ে যায়। পরে পুলিশ মোটরসাইকেলের সীটের নীচ থেকে ৪ হাজার পিছ ভারতীয় ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে।তবে গ্রেফতার করতে পারেনী মিলন হোসেনকে।

এ ঘটনায় পুলিশ বাদি হয়ে মাদক আইনে নিয়মিত মামলা রুজু করে।

দর্শনার আকন্দবাড়ীয়ায় ট্রেনে কাটা পড়ে বৃদ্ধামহিলাসহ ১০টি ছাগলের মৃত্যু

চুয়াডাঙ্গার সদর উপজেলার দর্শনা থানার আকন্দবাড়ীয়ার কেরু এ্যান্ড কোম্পানী চিনিকলের জৈব সারখানার পিছনে ছোটপুল নামকস্থানে ছাগল চরাতে গিয়ে খুলনা থেকে ছেড়ে আসা রূপসা আন্তঃনগর ট্রেনে কাটা পড়ে নুরজাহান বেগমসহ (৬৫) ১০টি ছাগল মারা গেছে। মৃত নুরজাহান বেগম

আকন্দবাড়ীয়া ফার্মপাড়ার কালামের স্ত্রী।

দর্শনা হল্ট রেলস্টেশনের জিআরপি ফাঁড়ী ইনচার্জ এসআই আতাউর রহমান প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে জানান, গতকাল বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে খুলনা থেকে ছেড়ে আসা রূপসা আন্তঃনগর ট্রেনটি ছোটপুল নামকস্হানে পৌঁছুলে ছাগলগুলো ট্রেনের নিচে পড়ে যায়। সে সময় নুরজাহান বেগম ছাগলগুলো বাঁচাতে গেলে ওই ট্রেনে কাটা পড়ে তিনি ঘটনাস্থলেই নিহত হন।

তিনি আরো বলেন, ছাগল চরাতে গিয়ে ওই বৃদ্ধা দূর্ঘটনার শিকার হন। ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা জিআরপি পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। আইনগত প্রক্রিয়া শেষ করে লাশ দাফনের জন্য স্বজনদের কাছে দিয়ে দেয়া হবে।

গতকাল বুধবার রাত ৮ টার দিকে তার মৃতদেহের ময়না তদন্ত শেষে রাত ৯টার দিকে গ্রামের কবরস্থানে জানাযা শেষে দাফনকার্য সম্পন্ন করা হয়েছে। এ মর্মান্তিক ঘটনায় গ্রামজুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

দর্শনা প্রতিবন্ধী স্কুল পরিদর্শন করলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সহকারী সচিব

দর্শনা পৌর এলাকার মেমনগরে বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) স্কুল পরিদর্শনে বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সহকারী সচিব মাহমুদা ইয়াছমিন।

গতকাল রবিবার দুপুর ২টার দিকে বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সহকারী সচিব মাহমুদা ইয়াছমিন দর্শনা পৌর এলাকার মেমনগরে বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) স্কুল পরিদর্শনে আসেন। ২০১৪ সালে একযোগে সারাদেশে প্রতিবন্ধীদের শিক্ষার আলোয় আলোকিত করতে সমাজসেবা অধিদপ্তর দ্বারা পরিচালিত বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) বিদ্যালয় সারা দেশে প্রতিষ্ঠিত হয়। তারই অংশ হিসাবে দর্শনায়

প্রতিষ্ঠিত বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) বিদ্যালয়ে অগ্রগতি,কার্যক্রম দেখতে পরিদর্শনে আসেন।

এসময় স্কুলের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীরা ফুল দিয়ে তাকে বরণ করে নেন। এরপর তিনি ক্লাসরুমের কার্যক্রম ঘুরে ঘুরে দেখেন এবং ছাত্র ছাত্রীদের সাথে কথা বলে সন্তোষ প্রকাশ করেন। পরে তিনি শিক্ষকদের সাথে মতবিনিময় ও আলোচনা সভা করেন।বিদ্যালয়ের বিভিন্ন অগ্রগতি, সুফল ও সমস্যার কথা শোনেন এবং বিদ্যালয়ের সমস্যা গুলো অতিসত্বর সমাধানের আশ্বাস দেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা আনোয়ারুল ইসলাম,দর্শনা পৌর বিশেষ শিক্ষা প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মোছাঃ শিরিনা আক্তার, শাহিনুর আক্তার, লিখন আহম্মেদ, আব্দুল কাদের, সুমন হোসেন, মো: লিপ্টন, হাবিবুর রহমান সহ স্কুলের অভিবাবক ও ছাত্রছাত্রীরা।

উল্লেখ্য, দর্শনা পৌর বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) বিদ্যালয় ১৮০ জন বিশেষ শিক্ষার্থী শিক্ষার্থী রয়েছে এবং শিক্ষক- শিক্ষীকা ১৪ জন সহ ২৫ জন কর্মরত প্রতিষ্ঠানটিতে রয়েছে।

দর্শনায় আবাসিক হোটেলে অসামাজিক কার্যকালাপ ২ জন গ্রেফতার

দর্শনা হল্ট স্টেশন সংলগ্ন আমিরাত আবাসিক হোটেলে নামে একটি হোটেলে অভিযান পরিচালনা করেছে দর্শনা থানা পুলিশ।

এ অভিযানে আবাসিক হোটেলের একটি কক্ষে অসামাজিক কাজের অভিযোগে জীবননগরের এক জোড়া পরোকিয়া প্রেমিক জুটিকে আটক করেছে পুলিশ।

আজ শনিবার (২২জুলাই) সকাল ১০ টার দিকে এ অভিযান পরিচালনা করে পরকিয়া প্রেমিক জুটি সহ হোটেলের তত্বাবধায়ক কামরুজ্জামান কয়েলকে নেয় দর্শনা থানা পুলিশ হেবাজতে। পরে হোটেল তত্বাবধায়ককে ছেড়ে

দেওয়া হলেও পরোকিয়াকে আইনগত ব্যবস্থার মাধ্যমে কোট হাজতে প্রেরণ করা হয়েছে।

পুলিশ জানায়, আজ শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের হল্ট স্টেশন সংলগ্ন আমিরাত আবাসিক হোটেলে অভিযান পরিচালনা করেন দর্শনা থানা পুলিশ। এ অভিযানে আমিরাত আবাসিক হোটেলের ২০১ নম্বর কক্ষের মধ্যে অসামাজিক কার্যকলাপের জড়িত থাকার অভিযোগে আল আমিন (২৫) ও যমুনা খাতুন (২৫) নামের এক পরকিয়া জুটিকে গ্রেফতার করে। এ

সময় পুলিশ পরোকিয়া প্রেমিক জুটি সহ হোটেলের তত্বাবধায়ক কামরুজ্জামান কয়েলকে নেওয়া হয় দর্শনা থানা হেফাজতে। গ্রেফতারকৃত পরকিয়া প্রেমিক জুটি চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের বারান্দিপাড়ার আমিনুর রহমানের ছেলে আল আমিন (২৫) ও একই ইউনিয়নের দোহাপাড়ার রফিকুল ইসলামের স্ত্রী যমুনা খাতুন (২৫)।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে অসামাজিক কার্যকলাপে লিপ্ত থাকার অভিযোগে মামলা দায়ের সহ চুয়াডাঙ্গা আদালতের কোট হাজতে প্রেরণ করেছেন দর্শনা থানা পুলিশ।

দর্শনায় ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রমের উদ্ধোধন

দর্শনায় ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রমের শুভ উদ্ধোধন করলেন দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু।

এ সময় তিনি বলেন ডেঙ্গু এখন সারাদেশেই ছড়িয়ে পড়েছে। আগের যে কোন সময়ের তুলনায় এ বছর আক্রান্ত ও মৃত্যর সংখ্যাও বেশি। ডেঙ্গু পরিস্থিতি এখন যে পর্যায়ে রয়েছে একে মহামারিই বলে মনে করছে বিশেষজ্ঞরা। তাই বর্তমানে ডেঙ্গু পরিস্থিতিকে জনস্বাস্থ্যর জন্য জরুরী অবস্থা হিসাবে ঘোষনা করতে সরকার পরামর্শ দিয়েছে। ডেঙ্গুজ্বর নিয়ন্ত্রন ও প্রতিরোধের লক্ষে দর্শনা পৌরসভায় মশক নিধনের শুভ উদ্ধোধন করা হলো।

গতকাল সোমবার বেলা ১২ টার দিকে দর্শনা থানা চত্বরে মশক নিধনের কার্যক্রম শুরু করে।এ সময় উপস্থিত ছিলেন দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ,দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক ও কাউন্সিলর সাবির হোসেন মিকা, এস আই টিপু সুলতান, যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্ট, সাবেক কাউন্সিলর কানছু মাতবর প্রমুখ।